

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়
পরিকল্পনা কোষ

.....

স্মারক নং ২০.(৬৪) বিলি স্ট্যাট ১২/৮৩ তাং ঢাকা ১১-৭-৮৩ খ্রীঃ।

প্রেরক : আবদুল বারি তরফদার
উপ-সচিব।

প্রাপক : জেলা প্রশাসক, নারায়নগঞ্জ।

বিষয় :- শিল্প-কারখানার জন্য বরাদ্দকৃত জমির ভূমি উন্নয়ন কর ধার্য ও আদায় প্রসঙ্গে।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছে যে শিল্প-কারখানার জন্য বরাদ্দকৃত জমির সবটা অকৃষি জমি হিসাবে বিবেচিত হইবে এবং উহার ভূমি উন্নয়ন কর শিল্প-বাণিজ্য কাজে ব্যবহৃত জমির হার অনুপাতে ধার্য করিতে হইবে। শিল্প-কারখানার জমি বরাদ্দ নিয়া কেহ যদি উহা উক্ত কাজে ব্যবহার না করিয়া কৃষি/আবাসিক অথবা অন্য কোন কাজে ব্যবহার করেন অথবা পতিত ফেলিয়া রাখেন তাহা হইলেও বরাদ্দপ্রাপ্ত সমগ্র জমির উপরই শিল্প/বাণিজ্য কাজে ব্যবহৃত জমির হার অনুসারে ভূমি উন্নয়ন কর ধার্য করিতে হইবে এবং তদনুযায়ী উহা আদায় করিতে হইবে। শিল্প-কারখানার জন্য বরাদ্দকৃত জমির ভূমি উন্নয়ন কর কৃষি অথবা আবাসিক জমির হার অনুসারে ধার্য করিবার কোন অবকাশ নাই।

স্বাঃ আবদুল বারি তরফদার

উপ-সচিব

ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়।

স্মারক নং ৭৫৫(১৮২/৮৪) (৭০) আই, এ/এ, এস

তারিখ : ১৯/১১/৮৫ খ্রীঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরিত হইল-

- ১। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)।
- ২। হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব)।

স্বাঃ (সৈয়দ আমিনুল ইসলাম)
সহকারী হিসাব নিয়ন্ত্রক (অডিট)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।